

রাবি ক্যাম্পাস

বিএনপিপন্থি শিক্ষক ও ছাত্রদলের অবস্থান

রাবি প্রতিনিধি

০৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদের ময়ো



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান নিয়েছিলেন জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের শিক্ষকরা। গতকাল দুপুর দেড়টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পরিবহন মার্কেট চতুরে অবস্থান নিয়েছিলেন তারা।

সরেজমিনে দেখা যায়, পরিবহন মার্কেট প্রাঙ্গণে বসে রয়েছেন ৩০-৪০ জনের মতো বিএনপিপন্থি শিক্ষক। তারা নিজেদের মধ্যে বিভিন্ন বিষয়ে আলোচনা করছিলেন। দুপুর দেড়টার দিকে ক্যাম্পাস ত্যাগ করেন তারা। সেখানে ছিলেন ১৫-২০ জনের মতো ছাত্রদলের নেতাকর্মী। দুপুর ২টায় এই

প্রতিবেদন লেখার সময়ও সেখানে অবস্থান করতে দেখা যায় ছাত্রদল নেতাকর্মীদের। এ ছাড়া, বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চতুরের সামনের এলাকায় অবস্থান নিয়েছিলেন বিএনপিপন্থি কর্মকর্তা-কর্মচারীরা। তবে, ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের ও আওয়ামীপন্থি শিক্ষকদের কাউকে দেখা যায়নি। হলগুলোতে এখনো আসেনি শিক্ষার্থীরাও।

ক্যাম্পাসে অবস্থানের বিষয়ে ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক মো. রাশেদ আলী বলেন, এর আগে আমাদের ওইভাবে ক্যাম্পাসে অবস্থান করতে দেওয়া হতো না। তাই আমরা রাবি ছাত্রদলের নেতাকর্মীরা শিক্ষকদের সঙ্গে সাক্ষাৎ ও নিজেদের আনন্দ ভাগাভাগির জন্যই মূলত ক্যাম্পাসে অবস্থান করছি।

জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের সাবেক সাধারণ সম্পাদক মাসুদুল হাসান খান (মুক্তা) বলেন, শিক্ষার্থীদের রক্তের বিনিময়ে দেশ আজ অপশাসন থেকে মুক্ত হয়েছে। এর সুযোগ নিয়ে কোনো গোষ্ঠী যাতে ক্যাম্পাসে কোনো ধর্সাত্মক বা অনৈতিক কার্যকলাপ করতে না পারে, সেটা নিশ্চিত করার জন্যই আমরা ক্যাম্পাসে অবস্থান নিয়েছি।

অন্যদিকে, ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কেউ না আসা প্রসঙ্গে জনসংযোগ দণ্ডের প্রশাসক অধ্যাপক প্রণব কুমার পাতের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি রেজিস্ট্রারের সঙ্গে যোগাযোগ করতে বলেন। তবে, রেজিস্ট্রার অধ্যাপক তারিকুল হাসানের মুঠোফোনে কল দেওয়া হলেও তিনি রিসিভ করেননি।

শেষ পাতা থেকে আরও পড়ুন